

বাংলাদেশ গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ১৬, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ১৫ জানুয়ারি ২০১৪/০২ মাঘ ১৪২০

নং ০৮.৬১১.০০৬.০০.০১.২০১-০৭—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নলিখিত
মন্ত্রিসভা কমিটিসমূহ গঠন করেছে :

- (ক) জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক);
- (খ) সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি;
- (গ) অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি;
- (ঘ) জাতীয় পুরক্ষার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি;
- (ঙ) আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি।

২। উপর্যুক্ত মন্ত্রিসভা কমিটিসমূহের গঠন, এগুলিকে সহায়তাদানকারী কর্মকর্তাগণের তালিকা,
কমিটিসমূহের কার্যপরিধি (টার্মস অব রেফারেন্স) এবং এ সকল কমিটিকে সাচিবিক সহায়তা
প্রদানকারী মন্ত্রণালয়/বিভাগের নাম পরিশিষ্ট 'ক' হতে 'ঙ'-তে প্রদত্ত হল।

৩। যে সকল ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগ ব্যতিরেকে অন্য কোন মন্ত্রণালয়/বিভাগ মন্ত্রিসভা
কমিটিসমূহের সাচিবিক সহায়তা প্রদান করবে, সে সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রিসভা কমিটির সভার
কার্যবিবরণী অনুমোদিত হওয়ার তিন দিনের মধ্যে এর অনুলিপি মন্ত্রিপরিষদ বিভাগে (কমিটি ও
অর্থনৈতিক অন্বিভাগ) প্রেরণ করতে হবে।

(৩৯১)

মূল্য : টাকা ১৬.০০

৪। মন্ত্রিসভা কমিটিসমূহের যে সকল সুপারিশ চূড়ান্ত অনুমোদনের জন্য মন্ত্রিসভায় পেশ করার আবশ্যিকতা রয়েছে, সেগুলি মন্ত্রিসভায় পেশ করতে হবে। অন্যান্য সুপারিশ রাষ্ট্রস অব বিজনেস অনুযায়ী মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনের জন্য পেশ করতে হবে।

৫। এতদ্সংক্রান্ত বিষয়ে পূর্বেকার মন্ত্রিসভা কমিটিসমূহ বাতিল বলে গণ্য হবে।

৬। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞ্চা
মন্ত্রিপরিষদ সচিব

পরিশিষ্ট - গ

অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি

(ক) কমিটির গঠন :

ক্রমিক নম্বর	নাম ও পদবি	দায়িত্ব
১.	জনাব আবুল মাল আবদুল মুহিত মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়	আহবায়ক
২.	জনাব আমির হোসেন আমু মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়	সদস্য
৩.	জনাব তোফায়েল আহমেদ মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয়	সদস্য
৪.	বেগম মতিয়া চৌধুরী মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়	সদস্য
৫.	জনাব আব্দুল লতিফ সিদ্দিকী মন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়	সদস্য
৬.	সৈয়দ আশরাফুল ইসলাম মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়	সদস্য
৭.	খন্দকার মোশাররফ হোসেন মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়	সদস্য
৮.	জনাব রাশেদ খান মেনন মন্ত্রী, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়	সদস্য
৯.	জনাব আনিসুল হক মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
১০.	জনাব আ হ ম মুস্তফা কামাল মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়	সদস্য
১১.	ড. এস এ সামাদ নির্বাহী চেয়ারম্যান, বিনিয়োগ বোর্ড	সদস্য
১২.	সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মন্ত্রী/প্রতিমন্ত্রী	সদস্য

(খ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ :

- (১) মন্ত্রিপরিষদ সচিব
- (২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- (৩) গভর্নর, বাংলাদেশ ব্যাংক
- (৪) সচিব, অর্থ বিভাগ

- (৫) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- (৬) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
- (৭) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়
- (৮) সচিব, শিল্প মন্ত্রণালয়
- (৯) সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
- (১০) সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
- (১১) সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়
- (১২) পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সদস্য
- (১৩) সচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ

(গ) কমিটির কার্যপরিধি :

- (১) দেশের সার্বিক আর্থিক ও অর্থনৈতিক বিষয়াদি পর্যালোচনা ও মূল্যায়ন;
 - (২) মন্ত্রিসভায় উপস্থাপনের পূর্বে নিম্নলিখিত বিষয়/নীতিসমূহ বিবেচনা ও সুপারিশ প্রণয়ন :
 - ক. বাণিজ্য নীতি (আমদানি নীতি, রপ্তানি নীতিসহ);
 - খ. শিল্পনীতি;
 - গ. বাজেট ও কর সংক্রান্ত প্রস্তাবাবলি;
 - (৩) ব্যাংক, বিমা ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক অনুসৃত নীতি পর্যালোচনা ও মূল্যায়ন এবং এ সকল বিষয়ে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন;
 - (৪) বিভিন্ন সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের অনুকূলে ভর্তুক প্রদান সংক্রান্ত বিষয়াদি;
 - (৫) বিধিবদ্ধ সংস্থাসমূহের সম্পাদিত কার্যাবলি, বিশেষতঃ এদের আর্থিক কৃতি ও ফলাফল বিবেচনা;
 - (৬) বাণিজ্য সম্প্রসারণ ও বিদেশে জনশক্তি প্রেরণের বার্ষিক লক্ষ্যমাত্রা বিবেচনা ও অনুমোদন এবং এ সকল লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি পর্যালোচনা;
 - (৭) সরকারি মালিকানাধীন প্রতিষ্ঠানসমূহের উৎপাদিত দ্রব্যের মূল্য অন্য কোন প্রক্রিয়ায় নির্ধারিত হয়ে না থাকলে তা নির্ধারণ এবং সরকারি প্রতিষ্ঠানসমূহের ৫০ (পঞ্চাশ) কোটি টাকার উর্ধ্ব মূল্যমানের উৎপাদিত দ্রব্য/শিল্প কারখানার উপজাত বিক্রয়ের প্রস্তাব বিবেচনা ও সুপারিশ।
- (ঘ) কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।**
- (ঙ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পরিবীক্ষণ করবে।**
- (চ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।**